যুগান্তর

তারিখ ..17 AUG 2016.....
পৃষ্ঠা ... কলাম ......

# দিনাজপুরের কোচিং সেন্টার থেকে শিবিরের ১১ জন গ্রেফতার

দিনাজপুর প্রতিনিধি

কোতোয়ালি থানা পুলিশ অভিযান চালিয়ে শিবিরের ঢাকা মহানগরের সাবেক অর্থ সম্পাদকসহ ১১ জনকে জামায়াত-শিবির নেতাকর্মীকে গ্রেফতার করেছে। তাদের কাছ থেকে প্রায় ৭ শতাধিক ইসলামী জিহাদি বই ও লিফলেট পাওয়া গেছে। মঙ্গলবার কোতোয়ালি থানা ওসি রেদওয়ানুর রহিম জানান, শহরের পাহাড়পুরে জামায়াত-শিবির পরিচালিত পৃথিবী কোচিং সেন্টারে অভিযান চালিয়ে ঢাকা মহানগর শিবিরের সাবেক কেন্দ্রীয় নেতা তোজাম্মেল হক ওরফে বকুল, মঞ্জুরুল ইসলাম, আবদুল করিম ওরফে রেজাউল করিম, আছাহাক আলী, জুয়েল রানা, সাইদুল ইসলাম, মোহাম্মদ আলী, তানজুরুল ইসলাম, হাবিবুর রহমান, মনিরুজ্জামান মনির ও ইমতিয়াজ হোসেন গ্রেফতার করেছে। এ ব্যাপারে কোতোয়ালি থানায় একটি মামলা দায়ের করা হয়েছে। ওসি রেদওয়ানুর রহিম জানান, আটককৃতদের বিরুদ্ধে বিভিন্ন থানায় একাধিক মামলা রয়েছে।